দৈনিক ইনকিলাব

তারিখ 2-2-FEB 2008
পৃষ্ঠা ১০ কলাম ৬

# জাপানে উচ্চশিক্ষা

সূর্যোদয়ের দেশ হিসেবে খ্যাত এশিয়ার শিল্পোন্নত দেশ জাপান। পৃথিবীর উন্নত দেশের মধ্যে জাপান একটি। এদেশের শিক্ষা ব্যবস্থা বিশ্বমানের। বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের জন্য জাপানে উচ্চ শিক্ষার অপার সুযোগ রয়েছে। যারা জাপানে উচ্চ শিক্ষার জন্য মনস্থির করেছেন এবং যারা প্রস্তুতি নিচ্ছেন তাদের জন্য আজকের এ আয়োজন।

**বিষয়সমূহ ঃ** আমাদের দেশের ছাত্রছাত্রীরা কম্পিউটার সায়েন্স, বায়োকেমিস্ট্রি, বায়োটেকনোলজি, ইনফরমেশন অ্যান্ড ম্যানেজমেন্ট সায়েন্স, আর্কিটেকচার, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, রাষ্ট্র বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, আন্তর্জাতিক সম্পর্ক, আইন, মেডিসিন, ফার্মেসি, সার্জারি, অ্যানাটমিসহ বিশ্বমানের বিভিন্ন বিষয়ে পড়ার সুযোগ গ্রহণ করতে পারেন।

**পড়াশোনার মাধ্যম ঃ** জাপানে অধিকাংশ কলেজ-বিশ্ববিদ্যালয়ে জাপানি ভাষায় শিক্ষা প্রদান করা হয়। এ জন্য জাপানি ভাষায় দক্ষতা অর্জন করতে হবে। তবে ইংরেজীরও প্রচলন আছে।

**আবেদনের নিয়ম ঃ** সরাসরি প্রতিষ্ঠানের মাধ্যমে যোগাযোগ করে ভর্তি ফরম পূরণ করাই ভাল। তবে লক্ষ্য রাখতে হবে কাগজপত্র যথাযথভাবে পূরণ করে তা পাঠাতে হবে। কোন প্রকারে ভুল-ভ্রান্তি হলে ভর্তি হওয়া কঠিন। ভর্তি হতে না পারলে ভিসা পাওয়া যাবে না। ভর্তি হতে পারলে ভিসা পাওয়া সহজ। ভর্তি প্রক্রিয়া তুলনামূলক একটু কঠিন। তাই সময় হাতে রেখে ভর্তি কার্যক্রম চালাতে হবে। আবেদন নির্ভুল ও নিখুঁত হতে হবে।

**খরচ ও সুযোগ-সুবিধা ঃ** জাপানের বিশ্ববিদ্যালয়গুলোতে আন্ডার গ্রাজুয়েট কোর্সের জন্য চার থেকে সাড়ে চার লাখ টাকা খরচ হয়। গ্রাজুয়েট কোর্সের জন্য দুই থেকে আড়াই লাখ টাকা পর্যন্ত খরচ হয়। থাকা-খাওয়া বাবদ প্রতি মাসে প্রায় ৫০ থেকে ৭০ হাজার টাকা পর্যন্ত খরচ হয়। জাপানে বিদেশী শিক্ষার্থীরা খণ্ডকালীন কাজ করার সুযোগ পায়। এ জন্য কর্তৃপক্ষের অনুমতি প্রয়োজন হয়। খণ্ডকালীন কাজের অর্থ দিয়ে লেখাপড়ার বড় অংশ বহন করা যায়।

**জাপানের কয়েকটি খ্যাতনামা বিশ্ববিদ্যালয়** * Asia University, Web : www.asia-u.ac.jp * International University of Japan : Web : www.iuj.ac.jp * Nagasaki University : Web : www.nagasaki-u.ac.jp.

❑ শিক্ষাঙ্গন রিপোর্ট